## ২০০৯ সনের ৪৩ নং আইন

## Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 (Ordinance No. V of 1985) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন The Public Servants (Dismissal on Conviction) (Amendment) Act, 2009 নামে অভিহিত হইবে।

(২) ইহা ০১ জুন ২০০৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **Ordinance No. V of 1985 এর SCHEDULE এর সংশোধন।**— Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 (Ordinance No. V of 1985) এর SCHEDULE এ উল্লেখিত "Six months" শব্দগুলির পরিবর্তে "one year" শব্দগুলি এবং "one thousand taka" শব্দগুলির পরিবর্তে "ten thousand taka" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। **হেফাজত সংক্রান্ত বিশেষ বিধান।**—(১) Public Servants (Dismissal on Conviction) (Amendment) Ordinance, 2008 (২০০৮ সনের ৩৮ নং অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লেখিত, দ্বারা সংশোধিত Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 (Ordinance No. V of 1985), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লেখিত, এর অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইন দ্বারা সংশোধিত উক্ত Ordinance এর অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩ এ দফা (২) এর বিধান অনুসারে উক্ত অধ্যাদেশ এর কার্যকরতা লোপ পাওয়া সত্ত্বেও অনুরূপ লোপ পাইবার পর উহার ধারাবাহিকতায় বা বিবেচিত ধারাবাহিকতায় কোন কাজকর্ম কৃত বা ব্যবস্থা গৃহীত হইয়া থাকিলে উহা এই আইন দ্বারা সংশোধিত উক্ত Ordinance এর অধীনেই কৃত বা গৃহীত হইয়াছে বলিয়াও গণ্য হইবে।

আশফাক হামিদ
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd